18 FEB 2017

# কবি নজরুলের চার শিক্ষকের নামে আইসিটি মামলা

**ভালুকা** (ময়মনসিংহ) **প্রতিনিধি** ▷

ময়মনসিংহের ত্রিশালে জাতীয় কবি নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সহকারী রেজিস্ট্রার খন্দকার আহসান হাবীবের নামে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) আইনে ভালুকা মডেল থানায় একটি মামলা করা হয়েছে। ভালুকা উপজেলার রাজৈ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নুরুল ইসলাম বাদশা গত বৃহস্পতিবার রাতে মামলাটি করেন। মামলায় সহকারী রেজিস্ট্রার খন্দকার আহসান হাবীব ছাড়াও একই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আমিনুল ইসলাম (৫০), সহকারী রেজিস্ট্রার আফরোজা সুলতানা (৩৮) ও সহকারী রেজিস্ট্রার আমিনুল ইসলামকে (৪০) আসামি করা হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সরকারি কর্মকর্তা-কর্মচারী, আওয়ামী লীগের নেতাকর্মী ও রাজনীতিবিদদের নিয়ে ফেসবুকে অশ্লীল মন্তব্য করায় এ মামলা হয়।

থানা সূত্রে জানা যায়, ত্রিশালে জাতীয় কবি নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সহকারী রেজিস্ট্রার খন্দকার আহসান হাবীবের ফেসবুক আইডি থেকে গত ২০১২ সালের ১৬ আগস্ট ফেসবুকে অশ্লীল মন্তব্য করা হয়।

মামলার বাদী নুরুল ইসলাম বাদশা মিয়ার দাবি, 'ফেসবুকে আসামির যোগসাজশে দেশকে জঙ্গিবাদের দিকে ঠেলে দিচ্ছে। তাই আমি এই মামলাটি দায়ের করেছি।'

মামলার তদন্ত কর্মকর্তা ভালুকা মডেল থানার ইন্সপেক্টর (অপারেশন) ফায়েজুর রহমান জানান, মামলাটির তদন্ত চলছে।